তারিখ ... 29 OCT 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

# প্রশ্নপত্রে সাম্প্রদায়িকতার অভিযোগে তদন্ত কমিটি

■ রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) চারুকলা অনুষদের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে 'সাম্প্রদায়িকতা'র অভিযোগ তদন্তে চার সদস্যের একটি কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল শনিবার বিকেলে এ কমিটি গঠন করা হয়েছে বলে নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক প্রভাষ কুমার কর্মকার।

তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক আনন্দ কুমার সাহাকে আহ্বায়ক করে চার সদস্যের একটি কমিটি করা হয়েছে। কমিটির অন্য তিন সদস্য হলেন– বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## প্রশ্নপত্রে সাম্প্রদায়িকতার

[তৃতীয় পৃষ্ঠার পর]

সভাপতি অধ্যাপক নজরুল ইসলাম, ইংরেজি বিভাগের অধ্যাপক ও শিক্ষক সমিতির সাবেক সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল্লাহ এবং ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক আবু বকর মো. ইসমাইল। তদন্ত কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার জন্য বলা হয়েছে।

২৫ অক্টোবর দুপুর আড়াইটা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলা চারুকলা অনুষদের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে সাম্প্রদায়িকতার অভিযোগ আনেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। তবে এটাকে অনিচ্ছাকৃত ভুল বলে আসছেন প্রশ্নপত্র প্রণয়ন ও চারুকলা অনুষদের ভর্তি পরীক্ষার মূল কমিটি।